

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৫০

পরিচ্ছেদঃ ৪১. সফরে নফল নামায আদায় করা

باب مَا جَاءَ فِي التَّطَوُّع فِي السَّفَرِ

আরবী

حَدَّثَنَا قُتُيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ صَغْوَانَ بْنِ سُلَيْم، عَنْ أَبِي بُسْرَةَ الْغِفَارِيِّ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِب، قَالَ صَحِبْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم ثَمَانِيَة عَشَرَ سَفَرًا فَمَا رَأَيْتُهُ تَرَكَ الرَّكْعَتَيْنِ إِذَا زَاغَتِ الشَّمْسُ قَبْلَ الظُّهْرِ. وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَرَاءِ حَدِيثٌ غَرِيبٌ . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدًا عَنْهُ فَلَمْ يَعْرِفْهُ عَمْرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَرَاءِ حَدِيثٌ غَرِيبٌ . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدًا عَنْهُ فَلَمْ يَعْرِفْهُ إِلاَّ مِنْ حَدِيثِ اللَّيْتِيَّ صلى الله عليه وسلم كَانَ لا يَتَطَوَّعُ فِي السَّفَرِ قَبْلَ الصَّلاَةِ وَلاَ بَعْدَهَا . وَرُويَ عَنْهُ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يَتَطَوَّعُ فِي السَّفَرِ . ثُمَّ الله عليه وسلم أَنَّهُ كَانَ يَتَطَوَّعُ فِي السَّفَرِ . ثُمَّ الله عليه وسلم أَنَّهُ كَانَ يَتَطَوَّعُ فِي السَّفَرِ . ثُمَّ الله عليه وسلم أَنْ يُعْضُ أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم أَنْ يَتَطَوَّعُ فِي السَّفَرِ . وَهُو يَوْلُ أَكْثَرِ أَهْلُ الْعِلْمِ أَنْ يُصَلَّى قَبْلَهَا وَلاَ بَعْدَهَا . وَمَعْنَى مَنْ لَمْ يَتَطَوَّعُ فِي السَّفَرِ قَبُولُ الْعِلْمِ أَنْ يُصَلَّى قَبْلَهَا وَلاَ بَعْدَهَا . وَمَعْنَى مَنْ لَمْ يَتَطَوَّعُ فِي السَّفَرِ قَبُولُ الْعِلْمِ أَنْ يُصَلَّى قَبْلَهَا وَلاَ بَعْدَهَا . وَمَعْنَى مَنْ لَمْ يَتَطَوَّعُ فِي السَّفَرِ قَبُولُ الْعِلْمِ أَنْ يُصَلَّى قَبْلَهَ فِي ذَلِكَ فَصْلًا كَثِيرٌ . وَهُو قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ يَخْدَارُونَ وَلَوْ السَّفَو فِي السَّفَو فَي السَّفَر . وَهُو قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ يَخْدَارُونَ وَيَ السَّفَو . وَلَكَ فَصْلُ كَثِيرٌ . وَهُو قَوْلُ أَكْثُو أَهُلُ الْعِلْمِ يَخُولُ الْعِلْمِ يَخْدَارُونَ وَ السَّفَو . وَلَكَ فَصْلًا كَثِيرًا أَهْلُ الْعِلْمِ يَطَولُ الْعِلْمِ يَعْمُ الْمُ الْعَلْمُ وَيَعْلُولُ الْعَلْمُ وَالْمَا الْعِلْمُ يَعْلُ الْمُ الْعَلْمُ الْمُؤْوِلُ الْمَالِولُولُ الْمَالِ الْعِلْمِ الْعَلْمُ الْمُ الْعِلْمُ الْمُ الْمُ الْمُؤْلِولُ الْمَلْمُ الْمُ الْمُؤْوِلُ الْمَالِ الْمَالِ الْمُؤْمِ الْمُ الْمُؤْمُ الْمُ الْمُ الْعِلْمُ ال

বাংলা

৫৫০। বারাআ ইবনু আযিব (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি আঠার মাস রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সঙ্গী ছিলাম। আমি তাকে সূর্য চলে যাওয়ার পর যুহরের (ফরয নামাযের) পূর্বে দু' রাকাআত (সুন্নাত) নামায ছেড়ে দিতে দেখিনি। যঈফ,যঈফ আবূ দাউদ ২২২))

এ অনুচ্ছেদে ইবনু উমার (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি গারীব। আমি মুহাম্মাদকে (ইমাম বুখারীকে) এ হাদীস প্রসঙ্গে প্রশ্ন করলে তিনি বলেন, আমি এটা লাইস ইবনু সাদের সূত্রেই



জেনেছি এবং তিনি আবু বুসরার নাম বলতে পারেননি, তবে তাকে উত্তম ধারণা করেছেন।

ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরে নামাযের পূর্বে বা পরে সুন্নাত বা নফল নামায আদায় করতেন না। অপর এক বর্ণনায় আছে, তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সফরে নফল নামায আদায় করতেন। অতএব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পর আলিমদের মধ্যে মত পার্থক্য সৃষ্টি হয়েছে।

একদল সাহাবার মত হল, সফরে নফল নামায আদায় করবে। ইমাম আহমাদ ও ইসহাক এই মতের পক্ষে। অপর একদল বিশেষজ্ঞ বলেছেন, সফরে ফরয নামাযের আগে বা পরে কোন নফল নামায় নেই।

যে লোক নফল নামায আদায় করল না সে সম্মতি ও ফুরসতের সুযোগ গ্রহণ করল। আর যদি কেউ নফল আদায় করে তবে সে ফাযীলাত লাভ করল। বেশিরভাগ বিদ্বানের মতে সফরে নফল এবং সুন্নাত নামায আদায় করাই ভাল।

English

Al-Bara bin Azib said:

"I accompanied the Messenger of Allah on eighteen journeys, and I did not see him leave the two Rak'ah when the sun waned before Zuhr."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন